বাগেরহাটে প্রতিবন্ধী তরুণী ধর্ষণের অভিযোগে যুবক গ্রেফতার

বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার খাউলিয়া ইউনিয়নের নিশানবাড়িয়া গ্রামের বাক প্রতিবন্ধী এক তরুণীকে ধর্ষণের অভিযোগে সুমন চন্দ্র শীল (৩৬) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ। ধর্ষণের অভিযোগ এনে ধর্ষিতার চাচা শুক্রবার (১৪ জুন) দুপুরে মোরেলগঞ্জ থানায় মামলা দায়ের করলে এদিন বিকালে পুলিশ ধর্ষক সুমন চন্দ্র শীলকে গ্রেফতার করে। সুমন চন্দ্র শীল নিশানবাড়িয়া গ্রামের অতুল চন্দ্র শীলের ছেলে।
অভিযোগে জানাগেছে, নিশানবাড়িয়া গ্রামের জনৈক মৃত. ব্যাক্তির বাক প্রতিবন্ধী মেয়েকে (২৮) বৃহস্পতিবার বিকেলে সন্ন্যাসী এলাকার বাড়ি থেকে ফুসলিয়ে সুমন চন্দ্র শীল সন্ন্যাসী বাজারের একটি চায়ের দোকানের পিছনে নিয়ে নিয়ে ধর্ষণ করে।
এদিকে ঘটনার পর মামলার বাদি ধর্ষিতার চাচাকে খাউলিয়া ইউনিয়নের প্রভাবশালি কবির হোসেন নামের জনৈক ব্যাক্তি মামলা না করার জন্য থানার ভিতরেই জীবন নাশের হুমকী দিয়েছে বলে বাদি অভিযোগ করেন। মোড়েলগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) কেএম আজিজুল ইসলাম জানান, ধর্ষক সুমন শীলকে গ্রেফতার করা হয়েছে। ধর্ষিকাকে ডাক্তারী পরীক্ষার জন্য বাগেরহাট হাসপাতালে প্রেরণ করা হয়েছে।